

জীবনের সাজঘরে

যুথিকা বড়ুয়া

জীবনের সাজঘরে এলে যে আবার তুমি ফিরে
জানিনা সাজাতে তোমায় পারবো কি আগের মতো করে!
বাঁধা বীণার বেসুরে গিয়েছিল যে গান থেমে,
জানিনা গাইতে সে গান পারবো কি আগের মতো করে!
জীবনের সাজঘরে ।

মনে পড়ে সেইদিন, সহেছি যেদিন
একলা বসে নীরবে ব্যথা,
দেখাতে পারিনি আমি, বোঝাতে পারিনি
আমার মনের কথা ।
ভুলেছিল সব অনাদরে, করালে মনে কেন তারে ফিরে!
জানিনা সহিতে ব্যথা পারবো কি আগের মতো করে!
জীবনের সাজঘরে ।

আমার এ মন নিয়ে তুমি খেলেছ খেলা
ভালো না বেসে করেছ শুধু অবহেলা!

দিয়েছিলে ঠাই মোরে হৃদয়ে তোমার
হাজার হাজার চোরাবালির মাঝে,
ছলনায় দিয়েছ ফাঁকি, জলেতে ভরালে আঁখি
তুমিই নিজে!
যে মালা নিয়েছ কেড়ে, ফেলেছ তুমিই নিজে ছিঁড়ে!
জানিনা গাঁথতে সে মালা পারবো কি আগের মতো করে!
জীবনের সাজঘরে ।

যুথিকা বড়ুয়া: কানাডার টরন্ট প্রবাসী লেখক ও সঙ্গীত শিল্পী ।

jbarua1126@gmail.com